দৈনিক
ইত্তেফাক

তারিখ 27 JUN 2015
পৃষ্ঠা ২৪ কলাম ৭

# এমপিও বহির্ভূত শিক্ষকদের দাবি না মানলে সংসদীয় কমিটি থেকে পদত্যাগ

--------------- রাশেদ খান মেনন

■ ইত্তেফাক রিপোর্ট

এমপিও বহির্ভূত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের সাথে একাত্মতা প্রকাশ করে শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি রাশেদ খান মেনন বলেছেনঃ শিক্ষকরা জাতি গড়ার কারিগর। প্রধানমন্ত্রী তাদের দাবি বাস্তবায়নের ব্যাপারে পৃষ্ঠা ২ কলাম ৪

## এমপিও বহির্ভূত

২৪ পৃষ্ঠার পর

আশ্বাস দিয়েছেন। আমরা আশা করছি, তাদের দাবি পূরণ হবে। যদি শিক্ষকদের দাবি পূরণ না হয়, তাহলে আমি শিক্ষামন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি পদ থেকে পদত্যাগ করবো।

গতকাল মঙ্গলবার সকালে জাতীয় প্রেসক্লাবের সামনে নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ঐক্যজোট মানববন্ধন সমাবেশের আয়োজন করে এমপিওভুক্তির দাবি জানায়। শিক্ষকদের আন্দোলনের সাথে সংহতি জানাতে আসেন জাসদের সভাপতি হাসানুল হক ইনু এমপি, সিপিবির সভাপতি মঞ্জুরুল আহসান খান, কলামিস্ট ও গবেষক সৈয়দ আবুল মকসুদ, গণতন্ত্রী পার্টির সাধারণ সম্পাদক নুরুর রহমান সেলিম প্রমুখ। গতকাল সকাল থেকেই মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের স্কুল, কলেজ, কারিগরী ও মাদ্রাসার স্বীকৃতি প্রাপ্ত সাত হাজারেরও বেশি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্তির দাবিতে শিক্ষক-কর্মচারীরা মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ ও মিছিল করে। শিক্ষকরা প্রেসক্লাবের সামনে রাস্তায় বসে পড়েন, রাস্তা বন্ধ হয়ে যায়, পল্টন এলাকায় যানজট দেখা দেয়। সমাবেশে নন-এমপিও শিক্ষক কর্মচারী ঐক্যজোটের সভাপতি মো. এশারুত আলী ও সাধারণ সম্পাদক তপন কুমার বক্তব্য রাখেন। দাবি পূরণ না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেয়া হয় সমাবেশে।